

50(DM)
স্বাক্ষর
তারিখ: ০৫/০৫/১৯



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এসডিজি সেল

www.sid.gov.bd

০৫/০৫/১৯
০৫/০৫/১৯
০৫/০৫/১৯

নং-৫২.০০.০০০০.০২৮.০৫.০০৪.১৬.১৩

তারিখ: ০৪/০৫/২০১৭ খ্রি:।

বিষয়ঃ টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'SDG সেল' গঠনে প্রশাসনিক অনুমোদন।

সূত্র: বিবিএস এর পত্র নং-৫২.০১.০০০০.৪০০.৩১.০১৪.১৬.০০২, তারিখ: ০৯ এপ্রিল, ২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার সাথে সমন্বয় সাধন করে এসডিজি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নসহ এ সংক্রান্ত সার্বিক কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে SDG সেল গঠন করা হলো।

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মহাপরিচালকের কার্যালয়, বিবিএস	এসডিজি সেলের দায়িত্ব
০১	উপমহাপরিচালক, বিবিএস	উপমহাপরিচালক	সমন্বয়কারী
০২	পরিচালক, এসএসটিআই, বিবিএস	পরিচালক	সদস্য
০৩	পরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৪	পরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৫	পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৬	পরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৭	পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৮	পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস	পরিচালক	সদস্য
০৯	পরিচালক সেন্সাস উইং, বিবিএস	পরিচালক	সদস্য
১০	ড. দিপংকর রায়, প্রকল্প পরিচালক (উপসচিব), HIES প্রকল্প, বিবিএস ও সদস্য VNR টিম	প্রকল্প পরিচালক	সদস্য
১১	জনাব কবির উদ্দিন আহমেদ, যুগ্মপরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস	যুগ্মপরিচালক	সদস্য
১২	জনাব বিধান বড়াল, যুগ্মপরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস	যুগ্মপরিচালক	সদস্য
১৩	জনাব একেএম আশরাফুল হক, প্রকল্প পরিচালক, এমএসভিএসবি প্রকল্প, বিবিএস	প্রকল্প পরিচালক	সদস্য
১৪	বেগম সালমা হাসনায়েন, উপপরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস	উপপরিচালক	সদস্য
১৫	জনাব মো: রফিকুল ইসলাম, উপপরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস	উপপরিচালক	সদস্য
১৬	জনাব মো: আলমগীর হোসেন, উপপরিচালক, সেন্সাস উইং, বিবিএস	উপপরিচালক	সদস্য-সচিব

১৬। এসডিজি সেলের কার্যপরিধি:

ক. SDGs বাস্তবায়নে বিবিএস-এর কার্যক্রমসমূহ চিহ্নিতকরণ;

খ. SDGs অর্জন অগ্রগতি পরিবীক্ষণ ও সহজীকরণে উদ্ভাবনমূলক কর্মকাণ্ড চিহ্নিতকরণ এবং তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা নির্ধারণ;

- গ. বিবিএস-এর চলমান কার্যক্রমসমূহের সাথে SDGs এর ট্যাগেট ও ইন্ডিকেটরসমূহ বিন্যাস ও সামঞ্জস্যকরণ;
- ঘ. SDGs বিষয়ে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অংশীজনদের সাথে যোগাযোগ রক্ষা এবং কর্মকাণ্ড পরিচালনা ও সমন্বয়করণ;
- ঙ. SDGs সংক্রান্ত অন্যান্য সার্বিক কার্যক্রম পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদান;
- চ. বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপে SDGs Indicators সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুতের জন্য প্রশ্নপত্র পর্যালোচনা ও পরিমার্জন এবং রিপোর্ট সমূহে সংশ্লিষ্ট Indicators সংক্রান্ত ফলাফল অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ;
- ছ. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত SDGs Indicators সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়নে কারিগরি পরামর্শ ও নির্দেশনা প্রদান;
- জ. SDGs সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটিসহ ও এসংক্রান্ত অন্যান্য কমিটির নিকট উপস্থাপনের পূর্বে SDGs Indicators বিষয়ক তথ্য-উপাত্ত Validation and authentication সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;
- ঝ. SDGs অর্জন অগ্রগতি পরিবীক্ষণে জাতিসংঘ কর্তৃক নির্ধারিত নির্দেশনার আলোকে পরিসংখ্যান প্রস্তুতে সংশ্লিষ্ট পরিসংখ্যান সরবরাহকারীর জন্য দেশের প্রেক্ষিত বিবেচনায় সংজ্ঞা, পদ্ধতি ও গাইড লাইন প্রণয়ন, প্রকাশ ও সমন্বয়সাধন।

০৩। এছাড়া, উইং ভিত্তিক SDGs সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য মহাপরিচালক, বিবিএস এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট পরিচালককে 'টিম লিডার' করে ৩-৫ সদস্য বিশিষ্ট 'SDG ওয়ার্কিং টিম' গঠন করা যেতে পারে। উক্ত 'SDG ওয়ার্কিং টিম' 'SDG সেল' এর কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্ট টিম প্রধান-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। উইং ভিত্তিক 'SDG ওয়ার্কিং টিম' এর সদস্য-সচিব টিমের সাচিবিক দায়িত্ব পালন করবেন। এছাড়া তিনি সংশ্লিষ্ট উইং এর পক্ষে SDGs সংক্রান্ত জরুরি প্রতিবেদন প্রদানসহ সার্বক্ষণিকভাবে বিবিএস এর 'SDG সেল' -কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

০৪। ড. দিপংকর রায়, প্রকল্প পরিচালক (উপসচিব), HIES প্রকল্প বিবিএস এসডিজি বিষয়ে সরকারের গৃহীত পদক্ষেপসমূহের বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এসডিজি সেল কে নিয়মিত অবহিত করবেন ও একই সাথে তিনি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মধ্যে এসডিজি বিষয়ে সমন্বিত যোগাযোগ নিশ্চিত করবেন।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদিষ্ট হয়ে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(রুবিনা ফেরদৌসী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮১৮১৩১৫

✓ মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য:

- ০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। অফিস কপি।